**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের ২০১৫ সালের প্রতিবেদন

মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৪/২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩.১৮ অনুসরণে জনপ্রশাসনের কাজে গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি ও নাগরিকসেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চিফ ইনোভেশন অফিসার এবং সংস্থা/জেলা/উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করে ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ডাক ও টেলিযোগাযোগ বিভাগের "ইনোভেশন টিম গঠন" এবং "ইনোভেশন টিমের কার্যপরিধি" অনুসারে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিম কর্তৃক ২০১৫ সালের জানুয়ারী হতে ডিসেম্বর পর্যন্ত যে সকল সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে যেসকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার উপর ভিত্তি করে ২০১৫ সালের ইনোভেশন টিমের প্রতিবেদনটি তৈরি করা হয়েছে।

### ১. ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রতিবেদন

মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুসারে কার্যক্রম গ্রহণ করার লক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ গত ০১/০১/২০১৫ খ্রিঃ হতে ৩১/১২/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে বেশ কিছু পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, ডাক ও টেলিযোগাযোগ বিভাগে ই-ফাইলিং কার্যক্রম দ্রুত চালু, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইট আপ-টু-ডেট রাখা এবং দাপ্তরিক প্রজ্ঞাপন/নোটিশ/অর্ডারসমূহ ওয়েবসাইটে প্রকাশ করার ব্যবস্থা অব্যাহত রাখা, বিদ্যমান সেবা সহজীকরণের জন্য এ বিভাগকে Wi-Fi এর আওতায় আনয়ন ইত্যাদি।

গত ০১/০১/২০১৫ খ্রিঃ হতে ৩১/১২/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত ও তার বাস্তবায়ন অগ্রগতি নিয়ে ছক আকারে উল্লেখ করা হ'লঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগে ই-ফাইলিং কার্যক্রম দ্রুত চালু করা। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগে ই-ফাইলিং কার্যক্রম চালু করার উদ্দেশ্যে গত ০১-১২-১৫ তারিখ থেকে ০৩-১২-১৫ তারিখ এবং ০৯-১২-১৫ তারিখ থেকে ১৩-১২-১৫ তারিখ পর্যন্ত দুটি ব্যাচে এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের ই-ফাইলিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সকল শাখা/অধিশাখায় ই-ফাইলিং কার্যক্রম চালু করার সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে। |
| ২ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইট আপ-টু-ডেট রাখা এবং দাপ্তরিক প্রজ্ঞাপন/নোটিশ/অর্ডারসমূহ ওয়েবসাইটে প্রকাশ করার ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইট ষ্টেটিক থেকে ডাইনামিক করা হয়েছে। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে অত্র বিভাগের জরুরী চিঠি/প্রজ্ঞাপন/নোটিশ/অর্ডার/বার্ষিক প্রতিবেদন/অগ্রগতির প্রতিবেদন নিয়মিত প্রকাশ করা হচ্ছে। |
| ৩ | বিদ্যমান সেবা সহজীকরণের জন্য বিটিসিএল ও ডাক অধিদপ্তরসহ একটি সভা আহবান করা হবে। | বিদ্যমান সেবা সহজীকরণের জন্য বিটিসিএল ও ডাক অধিদপ্তরসহ গত ২৬-১১-২০১৫ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিটিসিএল ও ডাক অধিদপ্তর সেবা সহজীকরণ বিষয়ে উক্ত দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ পেশ করেছে। |
| ৪ | ৪র্থ সভায় এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিম এর ইনোভেশন অফিসার ও সংশ্লিষ্ট অপর একজন (০১) জন সদস্যকে আমন্ত্রণ জানানো হয়। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ইনোভেশন টিম এর ৪র্থ সভায় মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন অফিসার ও সংশ্লিষ্ট টিম এর একজন সদস্যকে আমন্ত্রণ জানানো হয়েছে। |
| ৫ | ইনোভেশন টিম এর কার্যপরিধি এবং ভবিষ্যত পরিকল্পনার অংশ হিসাবে আগামী জানুয়ারিতে ২০১৬ সালের জন্য এক বছরের কর্ম পরিকল্পনা তৈরির সিদ্ধান্ত নেয়া হয়। | ২০১৬ সালের জন্য এক বছর মেয়াদী কর্মপরিকল্পনা তৈরি কাজ চলমান রয়েছে।২০১৫ সালে সম্পাদিত কাজের সংকলন এবং ২০১৬ সালের কর্মসূচি প্রণয়নের জন্য তথ্য সংগ্রহের কাজ শুরু হয়েছে। |
| ৬ | সমগ্র বিভাগকে Wi-Fi এর আওতায় আনয়নের জন্য মোট ৬টি রাউটার স্থাপন করা হবে। | সমগ্র বিভাগকে Wi-Fi এর আওতায় আনয়নের জন্য ৬ টি রাউটার স্থাপন সম্পন্ন হয়েছে। |

## ২. ডাক অধিদপ্তরের প্রতিবেদন

বাংলাদেশ ডাক বিভাগের ২০১৫ সালের উদ্ভাবন সম্পর্কিত প্রতিবেদন

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকাল | কার্যক্রম থেকে প্রত্যাশিত সুযোগ সুবিধা | সুযোগ সুবিধা সৃষ্টির জন্য দয়িত্বপ্রাপ্ত ব্যক্তি/গ্রুপ | ফলাফল এবং ব্যবহার |
|---|---|---|---|---|---|
| ০১. | "ডাক বিভাগের কার্যপ্রক্রিয়া স্বয়ংক্রিয়করণ" | জুলাই'২০০৮ থেকে জুন'২০১১ সংশোধিত জুন'২০১৩ এবং ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে জুন'২০১৭ | উক্ত প্রকল্পের আওতায় মোবাইল মনি অর্ডার সার্ভিস থেকে সরকার তথা ডাক বিভাগ ইতোমধ্যে শুরু থেকে ৩১ মার্চ/২০১৪ পর্যন্ত ৭৩ কোটি ৩২ লক্ষ ৫৬ হাজার ৫৫৭ টাকা নীট আয় করেছে। Software Implemenation এর কাজ সম্পন্ন হলে ৭১টি প্রধান ডাকঘরে, ১৩ টি আর এম এস অফিসে এবং ৫০টি টাউন সাব অফিসে কাউন্টার সার্ভিস, মেইল প্রসেসিং ও মেইলের ট্রেসিং এবং ট্রাকিং সিস্টেম চালু করে গ্রাহক সেবা উন্নত করা সম্ভব হবে এবং ডাক বিভাগের রাজস্ব আয় বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। | প্রকল্প পরিচালক | প্রকল্পের আওতায় ডাক বিভাগের সকল প্রধান ডাকঘরে কাউন্টার সার্ভিসসমূহ অটোমেশন করা হয়েছে এবং উক্ত প্রকল্পের আওতায় ২৭৫০টি পোস্ট অফিসে মোবাইল মনি অর্ডার সার্ভিস চালু করা হয়েছে। Web based application Software তৈরীর কাজ সম্পন্ন করে কেন্দ্রীয়ভাবে মডিউল এর ট্রায়াল রান সম্পন্ন করা হয়েছে। কম্পিউটার, সার্ভার, নেটওয়ার্ক যন্ত্রপাতি, স্ক্যানার, ব্রাঞ্চ রাউটার ও ডাটাবেজ Software সংগ্রহ করা হয়েছে। ৭১টি ডাকঘরে নেটওয়ার্ক তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও উক্ত প্রকল্পের আওতায় জেনারেল সার্ভার, অনলাইন ইউপিএস, লেজার প্রিন্টার নেটওয়ার্ক প্রিন্টার, সুইচ, ডট প্রিন্টার এবং পস প্রিন্টার সরবরাহ করা হয়েছে। |
| ০২. | "তথ্য প্রযুক্তি নির্ভর গ্রামীণ ডাকঘর" | জুলাই'২০১১ থেকে জুন'২০১৭ | উক্ত প্রকল্পের আওতায় ১০০০টি দুই কক্ষ বিশিষ্ট গ্রামীণ ডাকঘর ভবন নির্মাণ করা হবে। এই সকল ভবনের একটি কক্ষে ডাকঘরের দৈনন্দিন কার্যাক্রম পরিচালনা করা হবে এবং অপর কক্ষটি ই-সেন্টার হিসাবে ব্যবহৃত হবে। | প্রকল্প পরিচালক | উক্ত প্রকল্পের আওতায় ১৭৩ টি ডাকঘর নির্মাণের কার্যাদেশ দেয়া হয়েছে। তন্মধ্যে ১৩২ টি ডাকঘর নির্মণ করা হয়েছে। বাকী ডাকঘরগুলো নির্মাণ কাজ চলমান আছে। |
| ০৩. | "পোস্ট ই সেন্টার ফর রুরাল কমিউনিটি" | জানুয়ারী'২০১২ থেকে জুন'২০১৭ | উক্ত প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের প্রত্যন্ত অঞ্চলের জনগণ গ্রাম/ইউনিয়ন পর্যায়ে তাদের দোরগোড়ায় অবস্থিত ডাকঘরে বিভিন্ন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর ইকুইপমেন্টের মাধ্যমে সেবা যেমন- কম্পিউটার কম্পোজ, প্রিন্ট, ইন্টারনেট ব্রাউজিং, স্ক্যানিং, ছবি তোলা, অনলাইনে কথা বলা ও ভিডিও কনফারেন্সিং করা সুবিধাদি গ্রহণ করতে পারবেন। এ ছাড়া প্রতিটি ই-সেন্টারে গ্রামঞ্চলের আগ্রহী ব্যক্তিবর্গকে কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। | প্রকল্প পরিচালক | ৪০০৬ টি অফিসে ই-সেন্টার চালু হয়েছে। অফিসসমূহ উদ্যোক্তার মাধ্যমে পরিচালিত হচ্ছে। প্রতিটি ই-সেন্টারে দেশের প্রত্যন্ত অঞ্চলের জনগণ গ্রাম/ইউনিয়ন পর্যায়ে তাদের দোরগোড়ায় অবস্থিত ডাকঘরে বিভিন্ন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর ইকুইপমেন্টের মাধ্যমে সেবা যেমন- কম্পিউটার কম্পোজ, প্রিন্ট, ইন্টারনেট ব্রাউজিং, স্ক্যানিং, ছবি তোলা, অনলাইনে কথা বলা ও ভিডিও কনফারেন্সিং করা সুবিধাদি গ্রহণ করতে পারছেন। এ ছাড়া গ্রামঞ্চলের আগ্রহী ব্যক্তিবর্গকে কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকাল | কার্যক্রম থেকে প্রত্যাশিত সুযোগ সুবিধা | সুযোগ সুবিধা সৃষ্টির জন্য দয়িত্বপ্রাপ্ত ব্যক্তি/গ্রুপ | ফলাফল এবং ব্যবহার |
|---|---|---|---|---|---|
| ০৪. | ''বহুমুখী পোস্টাল ক্যাশ কার্ড ক্রয় ও সমন্বিত বিপণন কর্মসূচী'' | ২০১০-১১ হতে ২০১২-১৩ অর্থ-বছর | ১. পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে বাংলাদেশের যেকোন পোস্ট অফিস হতে অনলাইনে টাকা জমা, উত্তোলন ও ট্রান্সফার।<br>২. পোস্টাল ক্যাশ কার্ড সার্ভিসের আওতায় পর্যায়ক্রমে সকল জেলা ও উপজেলা পোস্ট অফিসসূহে এটিএম বুথ স্থাপন করা হবে।<br>৩. পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন ভাতা ও পেনশন প্রদান করা হবে।<br>৪. পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে নিরাপত্তা বেস্টনির আওতায় বিভিন্ন প্রকার ভাতা যেমন- বয়স্ক ভাতা, বিধবা ভাতা, দুস্থ ভাতা, ছাত্রবৃত্তি, শিক্ষা ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা, ত্রাণের টাকা, কৃষি ঋণ ও কৃষি ভর্তুকি ইত্যাদি প্রদান করা সম্ভব হবে এবং উক্ত ভাতাদি বিতরণের বিষয়ে সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের সাথে যৌথভাবে কাজ করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।<br>৫. পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে ডেভিট কার্ডের ন্যায় বিভিন্ন শপিং সেন্টার/ডিপার্টমেন্টাল স্টোরে কেনাকাটার বিল পরিশোধ, ইউটিলিটি বিল (যথা- গ্যাস, পানি, বিদ্যু ও টেলিফোন ইত্যাদি) পরিশোধের উদ্যোগ গ্রহণ করা হবে।<br>৬. পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে কর্মচারীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ পে-রোল প্রস্তুত।<br>৭. ডাক বিভাগের প্রচলিত সার্ভিস, যেমন-সাধারণ সঞ্চয় হিসাব, মেয়াদী সঞ্চয় হিসাব, বিভিন্ন প্রকার সঞ্চয় পত্র ইত্যাদি পোস্টাল ক্যাশ কার্ডে রূপান্তরের উদ্যোগ গ্রহণ করা হবে। | জনাব মোঃ জাকির হাসান নূর<br>ডেপুটি পোস্টমাস্টার জেনারেল<br>(সংযুক্ত ডাটা সেন্টার),<br>ডাক অধিদপ্তর, ঢাকা। | ১. পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে বাংলাদেশের যেকোন (জেলা, উপজেলা ও সাব পোস্ট অফিস) পোস্ট অফিস হতে অনলাইনে টাকা জমা, উত্তোলন ও ট্রান্সফার করা সম্ভব হয়েছে।<br>২. বাংলাদেশ ডাক বিভাগ ও সোনালী ব্যাংক লিঃ এর কো-ব্রান্ডেড এটিএম বুথ ও কিউক্যাশ নেটওয়ার্ক এর আওতাভুক্ত এটিএম বুথ হতে টাকা উত্তোলন ও ব্যালেন্স চেক এর সুবিধা ব্যবস্থা করা হয়েছে।<br>৪. পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে পাইলট আকারে সামাজিক নিরাপত্তা বেস্টনির আওতায় উপকারভোগীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ ও পে-রোল প্রস্তুত করে মজুরী পরিশোধ এর কাজ চলমান রয়েছে। বর্তমানে টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলায় বয়স্কভাতা, প্রতিবন্ধী ভাতা, বিধবা ভাতা প্রদানের কার্যক্রম পাইলট ভিত্তিতে চলমান রয়েছে।<br>৫. পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে বিশ্বব্যাংকের অর্থায়নে সুবিধা বঞ্চিত শিশুদের পুষ্টি ও শিক্ষা নিশ্চিতকরণে ''সম্ভব'' প্রকল্পের আওতায় পুষ্টি ও শিক্ষা সহায়তা ভাতা প্রদান করা হয়েছে। |

## ৩. বিটিসিএল এর প্রতিবেদন

বিটিসিএল এর ইনোভেশন টিমের ২০১৫ সালের জন্য গৃহীত কর্ম পরিকল্পনাসমূহ ও তার বাস্থবায়নের উপর প্রতিবেদন নিম্নে প্রদান করা হল।

| ক্রমিক নং | আইটেম | সুযোগ সুবিধা সৃষ্টির জন্য দয়িত্বপ্রাপ্ত শাখা | মন্তব্য ও সার্বিক অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | বিটিসিএল এর Customer Complain Management Center বা Call Center চালুকরণ | বিটিসিএল এর রক্ষণাবেক্ষণ ও চালনা শাখা। | কাজটি বাস্তবায়িত হয়েছে। |
| ২ | গ্রাহক কর্তৃক ব্যাংক বিল পরিশোধের পর ব্যাংক কর্তৃক প্রতিদিনের তথ্য Update করে বিটিসিএলকে জানানো যাতে গ্রাহকগণের বিল পরিশোধের পরও কোন হয়রানি না হয়। | বিটিসিএল এর রাজস্ব বিভাগ | Basic Bank এর সাথে অনলাইন সংযোগ করা হয়েছে। |
| ৩ | বিটিসিএল এর সকল আয়ন-ব্যয়ন অফিসকে ইন্টারনেটের আওতায় আনয়ন ও Computerized Accounting System প্রবর্তন। | বিটিসিএল এর রক্ষণাবেক্ষণ ও চালনা ও রাজস্ব শাখা। | কাজটির ৮০% সম্পন্ন করা হয়েছে। |
| ৪ | বিটিসিএল এর Inventory Management, Human Resource Management ইত্যাদি Computerized করণ। | বিটিসিএল এর রক্ষণাবেক্ষণ ও চালনা ও রাজস্ব শাখা। | কাজটির ৭০% সম্পন্ন করা হয়েছে। |

## ৪. বিএসসিসিএল এর প্রতিবেদন

বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল) এর ইনোভেশন টিম কর্তৃক ২০১৩ সালে দুটি (০২) সভা অনুষ্ঠিত হয়। উক্ত দুটি সভার সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি নিচে তুলে ধরা হ'লঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১ | সিটিজেন চার্টার হালনাগাদ করণ। | সিটিজেন চার্টার হালনাগাদ সম্পন্ন করা হয়েছে এবং Website এ প্রকাশিত হয়েছে। |
| ২ | বিএসসিসিএল এর প্রধান কার্যালয়ের কম্পিউটার নেটওয়ার্ক ব্যবস্থাকে আরো আধুনিকায়ন করা। | বিএসসিসিএল এর প্রধান কার্যালয়ের ও কক্সবাজার ল্যান্ডিং স্টেশনের কম্পিউটার নেটওয়ার্ক ব্যবস্থা উন্নতকরণ করা হয়েছে। সকল কার্যালয়ে wifi নেটওয়ার্ক ব্যবস্থা চালু করা হয়েছে। |
| ৩ | বিএসসিসিএল-এর DNS· বিএসসিসিএল-এর ডাটা সেন্টারে পার্ক করা এবং ওয়েব সাইটটি Redesign করে একটি Dynamic Website হিসাবে তৈরী করতে হবে এবং ডেটাবেজ ও তথ্যাবলী সুসজ্জিতভাবে | বিএসসিসিএল-এর DNS Configuration কার্যক্রম ডাটা সেন্টারের একটি সার্ভারে DNS Server Configuration করে সেখানে bsccl.com ডোমেইনকে পার্ক করা হয়েছে ও Website Redesign সম্পন্ন হয়েছে এবং Website হালনাগাদ এর কাজ চলিতেছে যা একটি চলমান প্রক্রিয়া। |

| | | |
|---|---|---|
| | উপস্থাপন করতে হবে। | |
| ৪ | CCTV নেটওয়ার্ক এর মাধ্যমে একটি সুসংহত ভিডিও মনিটরিং এবং রেকর্ডিং এর ব্যবস্থা স্থাপন করা হবে, যার মাধ্যমে প্রধান কার্যালয় ও কক্সবাজার ল্যান্ডিং স্টেশনের সতর্কতা মূলক ব্যবস্থা আরো সুসংগঠিত করা যাবে। | প্রধান কার্যালয় ও কক্সবাজার ল্যান্ডিং স্টেশনে CCTV স্থাপনের ভিডিও মনিটরিং এবং মাধ্যমে রেকর্ডিং ব্যবস্থা স্থাপন কার্যক্রমটি বাস্তবায়ন করা হয়েছে। |
| ৫ | কক্সবাজার ল্যান্ডিং স্টেশনে ২টি সৌর প্যানেল স্থাপনের পরিকল্পনা প্রণয়ন। মাধ্যমে হেড অফিস এবং কক্সবাজার ল্যান্ডিং স্টেশনের | Technical Document বিশ্লেষণ করা হচ্ছে এবং বর্তমান প্রেক্ষাপটে আরো Technical Analysis প্রয়োজন এবং তা সম্পন্ন করার পর Tender Committee পরবর্তী কার্যক্রম পরিচালনা করবে। |

## ৫. ২০১৫ সালের টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস) এর প্রতিবেদন

| ক্র: নং- | কার্যক্রমের শিরোনাম (প্রক্ষেপন) | মাধ্যম | অর্জন |
|---|---|---|---|
| ০১. | দোয়েল হেল্প ডেস্ক | অনলাইন বেসড় | বাস্তবায়িত হয়েছে। |
| | | মোবাইল বেসড় | |
| ০২. | ওয়েবসাইট হালনাগাদ নির্মান | - | ওয়েব মেইল চালু করা হয়েছে। |
| ০৩. | মডেম প্রদান | | বাস্তবায়িত হয়েছে। |
| ০৪. | ব্যান্ড উইথ বৃদ্ধি | ৩.৫ এমবি হতে ৪ এমবি করা হয়েছে | সব দপ্তরেই ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। |
| ০৫. | টেশিস ওয়াইফাই যোন | রাউটার এর মাধ্যমে | কার্যকর করা হয়েছে |
| ০৬. | গ্রাহকসেবা বৃদ্ধি | - | সিটিজেন চার্টার নতুন ফরম্যাট এ করা হয়েছে। |
| ০৭. | স্টোর কার্যক্রম | | সফ্টওয়ার এর মাধ্যমে সকল স্টোর ডিজিটালাইজ করার কার্যক্রম হাতে নেয়া হয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | ইআরপি/ অনলাইন সফটওয়ার | - | - |
| ০৯. | মাউশি প্রকল্পের বিক্রয়োত্তর সেবা | অনলাইন ও মোবাইল | অভিযোগ গ্রহন ও কার্যক্রম গ্রহন করা হয়ে থাকে। |
| ১০. | প্রশিক্ষণ | - | ল্যাপটপ ব্যবহারকারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ১১. | ডিজিটাল নথি | - | সবগুলো দপ্তরে ডিজিটাল নথি চালু করা হয়েছে। |

## ৬. বাংলাদেশ কেবল শিল্প লিমিটেড (বিসিএসএল) প্রতিবেদন

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন ও অগ্রগতি |
|---|---|---|
| ১। | উৎপাদন পরিকল্পনাঃ ২০১৫ সালে ১,৫০,০০০ ফাইবার কিলোমিটার অপটিকাল ফাইবার কেবল এবং ২০,০০০ কন্ডাক্টর কিলোমিটার কপার কেবল উৎপাদনের লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছিল। | অপটিকাল ফাইবার কেবলের চাহিদা বৃদ্ধি পাওয়ার কারণে ১৮৪,৯০১ ফাইবার কিলোমিটার অপটিকাল ফাইবার কেবল এবং বিশ্বব্যাপি কপার কেবলের চাহিদা ব্যাপকভাবে হ্রাস পাওয়ার কারণে ১৪,৮৫৭ কন্ডাক্টর কিলোমিটার কপার কেবল উৎপাদিত হয়েছে। |
| ২। | Duct Plant স্থাপনঃ বিদ্যমান প্লান্টের পাশাপাশি অপটিক্যাল ফাইবার কেবল লাইন সঞ্চালনে ব্যবহৃত Duct উৎপাদনের জন্য ২,০০০ কিলোমিটার উৎপাদন ক্ষমতা সম্পন্ন Duct Plant স্থাপনের পরিকল্পনা গৃহীত হয়েছিল। | Duct Plant স্থাপনের লক্ষ্যে ইতোমধ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানকে NOA দেয়া হয়েছে। আগামী জুন'২০১৬ এর মধ্যে Duct Plant স্থাপন সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে। |
| ৩। | Power Cable Plant স্থাপনঃ Product diversification এর অংশ হিসাবে দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণের জন্য উৎপাদিত বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে Power Cable উৎপাদনের পরিকল্পনা গৃহীত হয়েছিল। | Power Cable Plant স্থাপনের লক্ষ্যে Feasibility Study এর কাজ চলছে। |
| ৪। | Store Management Software চালুকরণঃ প্রয়োজনীয় কাঁচামাল, যন্ত্রাংশ ও অন্যান্য মালামাল ক্রয়ের সিদ্ধান্ত নেয়া এবং | প্রতিষ্ঠানের নিজস্ব একজন প্রকৌশলী কর্তৃক Store Management Software প্রস্তুত করা হয়েছে যা বর্তমানে Trail পর্যায়ে রয়েছে। |

| | | |
|---|---|---|
| | প্রয়োজনীয় তথ্যাদি দ্রুত পাওয়ার জন্য Store Management Software চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। | |
| ৫। | Web Page Up grade করণের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। | প্রতিনিয়ত প্রতিষ্ঠানের Web Page Up grade করণ চলমান রয়েছে। |
| ৬। | দক্ষ জনবল ও কম্পিউটার সংখ্যা বৃদ্ধিকরার সিদ্ধান্ত হয়েছিল। | দক্ষ জনবল ও কম্পিউটার সংখ্যা বৃদ্ধিকরণ চলমান রয়েছে। |
| ৭। | প্রয়োজনীয় প্রশিক্ষণঃ প্রতিষ্ঠানের জনবলকে প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। | প্রতিষ্ঠানের জনবলকে প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধিকরণ চলমান রয়েছে। |

**৭. টেলিটক বাংলাদেশ লিমিটেড এর প্রতিবেদন**

| ক্রঃ | | প্রস্তাবিত কার্যক্রম | অগ্রগতি |
|---|---|---|---|
| ১। | সার্ভিস অটোমেশন | | চলমান |
| | ১.১। | Cloud computing/ Server virtualization | যন্ত্রাংশ স্থাপনের কাজ চলছে |
| | ১.২। | Revenue Assurance & Fraud Management System | যন্ত্রাংশ স্থাপনের কাজ চলছে |
| | ১.৩। | Website | সমাপ্ত |
| | ১.৪। | i-Care & Online Chat | সমাপ্ত |
| ২। | টেকনোলোজি ইনোভেশন | | চলমান |
| | ২.১। | Policy Control & Charging Rule Function (PCRF) | যন্ত্রাংশ স্থাপনের কাজ চলছে |
| | ২.২। | Small Cell to connect unreachable | যন্ত্রাংশ স্থাপনের কাজ চলছে |

## ৮. বিটিআরসি'র Innovation Team এর ২০১৩ – ২০১৫ সালের কার্যক্রমের সংক্ষিপ্ত প্রতিবেদন :-

গত ০৩/০৬/২০১৩ তারিখে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় এর প্রেরিত পত্রের মাধ্যমে মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপনের মাধ্যমে সকল সরকারী দপ্তরে Innovation Team গঠন করার নির্দেশনা জানানো হয়। উক্ত নির্দেশনা অনুযায়ী বিটিআরসি গত ০৬/১০/২০১৩ তারিখে একটি Innovation Team গঠন করে। ২০১৪ সালে উক্ত টিম ৩ (তিন) টি সভায় অংশ গ্রহণ করেছে এবং বিভিন্ন সময়ে মন্ত্রণালয়ে এতদসংক্রান্ত সভায় অংশগ্রহণ করেছে; ২০১৪ সালে ইনোভেশন-টিম অধীকাংশ ক্ষেত্রেই ২০১৩ সালে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যবেক্ষণ করেছে এবং এতদসংক্রান্ত কাজ/নিয়োগ/ক্রয় প্রক্রিয়া সমূহের মতামত প্রদান করেছে। নিম্নে ২০১৩ – ২০১৫ সালের কার্যক্রমের ছক উপস্থাপন করা হল -

| বাস্তবায়নার্থে নির্ধারিত কার্যক্রমসমূহ | সময়সীমা | দায়িত্ব এবং মন্তব্য |
|---|---|---|
| এক্সেস কন্ট্রোল এবং হাজিরা পদ্ধতি<br><br>বৈশিষ্টসমুহঃ<br>১. মাইক্রোপ্রসেসর ভিত্তিক ফটো আইডি এবং ফিঙ্গার প্রিন্ট স্ক্যানার।<br>২. ব্যবহারকারী সুনির্দিষ্ট এক্সেস ব্যবস্থাপনা এবং হাজিরা পদ্ধতি।<br>৩. ভিজিটর ব্যবস্থাপনা (লগ সহ এক্সেস কন্ট্রোল)<br>৪. প্রতিবেদনসহ ভিজিটর এবং হাজিরা ডাটাবেজ সংরক্ষণ। | সুনির্ধারিত নয়। | প্রশাসন বিভাগ, বিটিআরসি (ইতোমধ্যে বিটিআরিসি'র নতুন ভবন নির্মান প্রকল্পের সাথে সংযুক্ত) |
| ই-ফাইলিং পদ্ধতি<br><br>বৈশিষ্টসমুহঃ<br>১. নথি অনুসন্ধান ব্যবস্থা (Reference:DHL)<br>২. মানবসম্পদ ব্যবস্থাপনা টুল কিট।<br>৩. জ্ঞান ব্যবস্থাপনা টুল কিট। | বাস্তবায়িত | প্রশাসন বিভাগ, বিটিআরসি। |
| বিটিআরসি এর ওয়াইফাই জোনের সাথে সুসংগতি অর্জন করা।<br><br>বৈশিষ্টসমুহঃ<br>১. Secure Hand-Off and Seam-Less Synchronization amongst all the WiFi Zones in BTRC (যেমন-বিভিন্ন ফ্লোর, সভাকক্ষসমূহ,অতিথিদের জন্য মুক্ত ওয়াইফাই,সকল কমিশনার প্রমূখ)।<br>২. বিভাগ ওয়াইজ নতুন ওয়াই-ফাই জোন চালু করণ।<br>৩. বিটিআরসিতে সকল Node Network Security features যুক্ত করণ। | বাস্তবায়িত | আইটি উইং,বিটিআরসি। |
| ইন্টারনেট সেফটি সল্যুশন (ইন্টারনেট নিরাপত্তা)<br><br>বৈশিষ্টসমুহঃ | সুনির্ধারিত নয়। | ক্রয়সংক্রান্ত প্রস্তবনা ইতোমধ্যে ডাক,টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| ১. URL মনিটরিং, ফিল্টারিং এবং ব্যবস্থাপনা।<br>২. সার্চ করা, ব্রাউজিং, লাইক-আপডেট প্রভৃতি ব্যবস্থাপনা।<br>৩. কাস্টমাইজড প্রতিবেদন এবং আর্কাইভ সহ ট্রাফিক বিশ্লেষণ।<br>৪. বিভিন্ন ধননের সাইবার আক্রমন প্রতিহত করা। | | |
| ওয়েব সাইট পুর্নবিন্যাস এবং আধুনিকায়ন।<br><br>বৈশিষ্টসমুহঃ<br>১. একই সাথে বাংলা ও ইংরেজি দুইটি ভাষায় ওয়েবসাইটটি সচল রাখা।<br>২. ই-মেইল সার্ভার/ডাটা স্টোরেজ এর আপগ্রেডশন করণ।<br>৩. নিরাপত্তা সনদ ও পেমেন্ট গেটওয়ে যুক্ত করণ। | জুন,২০১৬ এর মধ্যে সম্পন্ন হবে। | পরিকল্পনাটি বাস্তবায়নের জন্য বিটিআরসি'র আইটি উইং কে পরামর্শকারী হিসাবে নির্বাচন করা হয়েছে। |

=====o=====